**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ সকালে লোকসভায় ২০২৪–২৫ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রস্তাবিত এই বাজেট সমাজের প্রতিটি অংশকে উপকৃত করে একটি উন্নত ভারতের পথ প্রশস্ত করবে ।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা প্রস্তাবিত বাজেটকে জনকল্যাণমুখী বলে অভিহিত করেছেন ।**

**(৪) সারা দেশে ১৫ কোটি গ্রামীণ পরিবারকে কলের জলের সংযোগ প্রদান করে জাতীয় জল জীবন মিশন আজ একটি ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে ।**

**************************************

**Union Budget :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ২০২৪–২৫ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন। এটি নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদের প্রথম বাজেট।

অর্থমন্ত্রী জানান যে ২০২৪-২৫ সালের জন্য, ঋণ ব্যতীত মোট আয় ৩২. ০৭ লক্ষ কোটি টাকা এবং মোট ব্যয় ধার্য্য হয়েছে ৪৮.২১ লক্ষ কোটি টাকা। মোট কর সংগ্রহের পরিমাণ ২৫.৮৩ লক্ষ কোটি টাকা হবে বলে ধরা হয়েছে এবং রাজস্ব ঘাটতি আনুমানিক জিডিপির ৪.৯ শতাংশ ধরা হয়েছে। বাজেটে বার্ষিক প্রবৃদ্ধির হার ৮.২% হবে বলে ধরা হয়েছে।

বাজেট প্রস্তাব পেশ করতে গিয়ে শ্রীমতি সীতারামন বলেন, সরকারের লক্ষ্য আগামী বছর আর্থিক ঘাটতির পরিমাণ জিডিপির ৪.৫ শতাংশের কম করা।

এই বাজেটে সকলের জন্য সুযোগ তৈরির উদ্দেশ্যে ন'টি অগ্রাধিকারের বিষয় তালিকাভুক্ত করা হয়েছে। এগুলি হল কৃষিতে উৎপাদনশীলতা এবং স্থিতিস্থাপকতা, কর্মসংস্থান এবং দক্ষতা, অন্তর্ভুক্তিমূলক মানবসম্পদ উন্নয়ন এবং সামাজিক ন্যায়বিচার, উৎপাদন এবং পরিষেবা, নগর উন্নয়ন, শক্তি সুরক্ষা, পরিকাঠামো, উদ্ভাবন, গবেষণা ও উন্নয়ন এবং পরবর্তী প্রজন্মের সংস্কার।

বাজেট পেশ করার সময়, কেন্দ্রীয় অর্থমন্ত্রী কৃষি, এমএসএমই, উৎপাদন এবং পরিকাঠামো ক্ষেত্রকে উৎসাহিত করার জন্য বেশ কয়েকটি পদক্ষেপের ঘোষণা করেছেন।

তিনি বলেন, দরিদ্র, নারী, যুবক ও কৃষক কল্যাণে কাজ করাই সরকারের মূল লক্ষ্য। তিনি কর্মসংস্থান ও দক্ষতার জন্য প্রধানমন্ত্রীর প্যাকেজেরও ঘোষণা করেন।

এর অধীনে, কর্মসংস্থান সংক্রান্ত উৎসাহ প্রদানের জন্য তিনটি প্রকল্প ঘোষণা করা হয়েছে। প্রথমতঃ সমস্ত ফরমাল বা সাধারণ

ক্ষেত্রে কর্মীবাহিনীতে নতুন প্রবেশ করা সমস্ত ব্যক্তিদের এক মাসের মজুরি প্রদান করা হবে। দ্বিতীয়টি উৎপাদনে চাকরি সৃষ্টির দিকে পরিচালিত করবে এবং তৃতীয় প্রকল্পে নিয়োগকারীদের সহায়তা প্রদান করবে। তিনি বলেন, শক্তিশালী পরিকাঠামো গড়ে তোলার জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করা হয়েছে এবং দেশের পরিকাঠামো উন্নয়নের জন্য মূলধন ব্যয় হিসেবে ১১ লক্ষ কোটি টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে। মহিলা ও মেয়েদের সুবিধার জন্য তিন লক্ষ কোটিরও বেশি প্রকল্পের ঘোষণাও করেছেন অর্থমন্ত্রী।

মন্ত্রী আরও ঘোষণা করেছেন যে, যে সমস্ত তরুণ উদ্যোক্তারা ঋণ গ্রহণ করে সফলভাবে পরিশোধ করেছেন তাদের জন্য মুদ্রা ঋণ বর্তমান ১০ লক্ষ থেকে ২০ লক্ষে উন্নীত করা হবে। মন্ত্রী ঘোষণা করেছেন যে সরকার পাঁচ বছরে এক কোটি যুবককে ৫০০টি শীর্ষ সংস্থায় প্রশিক্ষণের সুযোগ দেওয়ার জন্য একটি ব্যাপক প্রকল্প চালু করবে। শিল্প শ্রমিকদের জন্য  আবাসনের সুবিধা দেওয়া হবে।

মন্ত্রী বলেন, সরকার অভ্যন্তরীণ উৎপাদন এবং গুরুত্বপূর্ণ খনিজগুলির পুনর্ব্যবহারের জন্য একটি গুরুত্বপূর্ণ খনিজ মিশন স্থাপন করবে।

অর্থমন্ত্রী প্রধানমন্ত্রী শহুরী আবাস যোজনা 2.0 ঘোষণা করেন। এতে এক কোটি দরিদ্র এবং মধ্যবিত্ত পরিবারের আবাসনের চাহিদা মেটাতে ১০ লক্ষ কোটি টাকা ব্যয় করা হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার চতুর্থ পর্যায় চালু করা হবে। তিনি আরও বলেন, অপ্রাপ্তবয়স্কদের অর্থনৈতিক নিরাপত্তার জন্য বাৎসল্য নামে পেনশন প্রকল্প চালু করা হবে।

বাজেটে ক্যানসারের আরও তিনটি ওষুধের শুল্ক মকুবের ঘোষণা করেন অর্থমন্ত্রী। সোনা, রূপোর ওপর শুল্ক কমিয়ে ৬ শতাংশ এবং প্লাটিনামের ওপর ৬ দশমিক ৪ শতাংশ করার ঘোষণা করা হয়েছে। তিনি নির্দিষ্ট আর্থিক সম্পদের উপর মূলধন লাভের ছাড়ের সীমা প্রতি বছর ১ লক্ষ ২৫ হাজার টাকা বাড়ানোরও প্রস্তাব করেন। ভারতীয় স্টার্টআপ সিস্টেমকে শক্তিশালী করার জন্য, তিনি সমস্ত শ্রেণীর বিনিয়োগকারীদের জন্য অ্যাঞ্জেল ট্যাক্স বাতিল করার প্রস্তাব করেন।

ব্যক্তিগত আয়কর ক্ষেত্রে অর্থমন্ত্রী দুটি ঘোষণা করেন। নতুন কর ব্যবস্থায় বেতনভোগী কর্মচারীদের স্ট্যান্ডার্ড ডিডাকশন ৫০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৭৫ হাজার টাকা করার প্রস্তাব করা হয়েছে। করদাতাদের জন্য নতুন কর কাঠামোর স্ল্যাব হবে এইরকম – ৩ লক্ষ পর্যন্ত কোনো কর দিতে হবেনা। ৩ থেকে ৭ লক্ষ পর্যন্ত ৫ শতাংশ, ৭ থেকে ১০ লক্ষ পর্যন্ত ১০ শতাংশ, ১০ থেকে ১২ লক্ষ পর্যন্ত ১৫ শতাংশ, ১২ থেকে ১৫ লক্ষ পর্যন্ত ২০ শতাংশ এবং ১৫ লক্ষ উর্ধ্ব বাৎসরিক আয়ের ক্ষেত্রে ৩০ শতাংশ আয়কর দিতে হবে।

*****************************************

**PM on Budget :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট হল বিকশিত ভারতের জন্য, যা অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি নিশ্চিত করে, সমাজের প্রতিটি অংশকে উপকৃত করে একটি উন্নত ভারতের পথ প্রশস্ত করবে। তিনি বলেন, সরকার কর্মসংস্থান সংযুক্ত অনুদান প্রকল্প (এমপ্লয়মেন্ট লিংকড ইনসেনটিভ স্কিম) ঘোষণা করেছে, যা

দেশে কোটি কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে। কেন্দ্রীয় বাজেট নিয়ে একটি ভিডিও বার্তায় শ্রী মোদী বলেন যে বাজেট নতুন সুযোগ, নতুন শক্তি, নতুন কর্মসংস্থান এবং স্ব-রোজগারের সুযোগ এনেছে। এটি জাতির জন্য উন্নত প্রবৃদ্ধি এবং উজ্জ্বল ভবিষ্যত বয়ে এনেছে। প্রধানমন্ত্রী এই বাজেটের জন্য সকল নাগরিককে অভিনন্দন জানিয়ে বলেন এই বাজেট জাতিকে উন্নয়নের নতুন উচ্চতায় নিয়ে যেতে বাধ্য। তিনি অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এবং তার পুরো দলকেও অভিনন্দন জানিয়েছেন।

ভারতকে বিশ্বের উৎপাদন কেন্দ্র বা ম্যানুফ্যাকচারিং হাব করার দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করে, প্রধানমন্ত্রী দেশের মধ্যবিত্তের সঙ্গে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংযোগ এবং সমাজের দরিদ্র অংশের জন্য কর্মসংস্থানের সম্ভাবনার ওপর জোর দেন। তিনি বলেছেন যে বাজেটে ঘোষিত নতুন প্রকল্পটি এমএসএমইগুলির জন্য ঋণের সহজলভ্যতা বাড়াবে। প্রধানমন্ত্রী বলেছেন যে ই-কমার্স, রপ্তানি হাব এবং খাদ্যের মান পরীক্ষা এক জেলা-এক পণ্য কর্মসূচিকে নতুন গতি দেবে।

প্রতিরক্ষা ক্ষেত্রে রেকর্ড রপ্তানির কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন যে এবারের বাজেটে 'আত্মনির্ভর' প্রতিরক্ষা ক্ষেত্র তৈরির জন্য অনেকগুলি বিধান রয়েছে। তিনি বলেন যে ভারতের প্রতি বিশ্বের আকর্ষণ ক্রমাগত বাড়ছে এবং তা পর্যটন শিল্পের জন্য নতুন পথ খুলে দিচ্ছে।

*****************************

**CM reaction :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ২০২৪-২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটকে জনকল্যাণমুখী বলে অভিহিত করেছেন। মুখ্যমন্ত্রী বলেন এই বাজেট হলো গরীব, যুব, কৃষক ও

নারীশক্তির সর্বাঙ্গীন উত্থানে এক দুরদৃষ্টিসম্পন্ন ও সর্বসমাবেশী বাজেট। তিনি বলেন এই বাজেট বিকশিত ভারতের স্বপ্নকে বাস্তবায়িত করার লক্ষ্যের পাশাপাশি কার্যকরী অনুঘটকের ভূমিকা পালন করবে এবং অন্ত্যোদয়ের স্বপ্নকে বাস্তবায়িত করার দিশায় এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে কাজ করবে। তাছাড়া ৫ ট্রিলিয়ন অর্থনীতির ভিত্তি মজবুত করতে এই বাজেটই আগামীর দিশারি বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

*******************************

**Janjatiya Unnat Gram :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী আজ ঘোষণা করেন যে সরকার প্রধানমন্ত্রী জনজাতীয় উন্নত গ্রাম অভিযান শুরু করবে।

তিনি বলেন যে এই অভিযান আদিবাসী সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটাবে। তিনি আরও বলেন যে এই প্রকল্পটি উপজাতীয়-সংখ্যাগরিষ্ঠ গ্রাম এবং উচ্চাকাঙ্ক্ষী জেলাগুলিতে উপজাতীয় পরিবারগুলির জন্য বিভিন্ন প্রকল্পের চূড়ান্ত লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা করবে। এই অভিযান ৬৩ হাজার গ্রামের ৬ কোটি আদিবাসীদের উপকারে আসবে।

*****************************

**Budget NE :**

প্রস্তাবিত বাজেটে উত্তর পূর্বাঞ্চলের সাংস্কৃতিক পর্যটন বিকাশের জন্য ব্যাপক তহবিলের সংস্থান রাখা হয়েছে।

বাজেটে বলা হয়েছে ব্যাঙ্কিং পরিষেবা সম্প্রসারণের জন্য উত্তর পূর্বাঞ্চলে ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্কের ১০০টিরও বেশি শাখা

স্থাপন করা হবে।  আসামে বন্যা ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সহায়তা দেবার ঘোষণা করা হয়েছে।

বিধ্বংসী আকস্মিক বন্যা এবং ভূমিধসে ক্ষতিগ্রস্ত সিকিমকে সরকার সহায়তা করবে বলেও বাজেট প্রস্তাবে উল্লেখ করা হয়েছে।

***************************

**Jal Jeevan Mission :**

সারা দেশে ১৫ কোটি গ্রামীণ পরিবারকে কলের জলের সংযোগ প্রদান করে জাতীয় জল জীবন মিশন আজ একটি ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে। মিশনটি অভূতপূর্ব গতিতে ২০১৯ সালের তিন কোটি থেকে পাঁচ বছরে ১৫ কোটিতে পৌঁছেছে।

জলশক্তি মন্ত্রী সিআর পাটিল বলেছেন, এই মাইলফলক দেশবাসীকে কেবল বিশুদ্ধ জল উপহার দেয়নি, তাদের জীবনযাত্রার মানও উন্নত করেছে। এখন পর্যন্ত, আটটি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চল ১০০ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে।

*******************************

**Supreme court on NEET-UG :**

সুপ্রিম কোর্ট আজ প্রশ্নপত্র ফাঁস এবং অসৎ আচরণের ভিত্তিতে NEET-UG 2024 এর পরীক্ষা বাতিল করতে অস্বীকার করেছে। প্রধান বিচারপতি ডিওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জেবি পারদিওয়ালা এবং মনোজ মিশ্রের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দিয়েছে। আদালত বলেছে পরীক্ষার পবিত্রতা ও পদ্ধতি প্রভাবিত হয়েছে

এমন কোনও তথ্য প্রমাণ নেই। আদালত আরও বলেছে যে পুনঃপরীক্ষার আদেশ ২৩ লক্ষেরও বেশি শিক্ষার্থীকে প্রভাবিত করবে এবং শিক্ষাবর্ষকে ব্যাহত করবে, যার প্রভাব আগামী বছরগুলিতেও পড়বে।

************************

**National Broadcasting Day :**

আজ জাতীয় সম্প্রচার দিবস। এইদিনে দেশের সম্প্রচার ক্ষেত্রের বিবর্তনকে স্মরণ করা হয়।

কমিউনিটি রেডিওর মতো উদ্যোগের উপর সরকার জোর দেয় কারণ, প্রত্যন্ত অঞ্চলে পৌঁছোনো এবং স্থানীয় উন্নয়নকে উৎসাহিত করার ক্ষেত্রে এই সম্প্রচারের গুরুত্ব রয়েছে।

ভারত ডিজিটাল যুগে অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে, একটি বিস্তৃত, অন্তর্ভুক্তিমূলক, এবং প্রযুক্তিগতভাবে উন্নত সম্প্রচার ব্যবস্থা গড়ে তোলার দিকে নজর দেয়া হয় এবং এটি বিশ্বমানে পৌঁছনোর পাশাপাশি জনগণের বিভিন্ন চাহিদা পূরণ করে।

ভারতের সম্প্রচার যাত্রা শুরু হয়েছিল ১৯২৩ সালের জুন মাসে রেডিও ক্লাব অফ বোম্বের প্রথম ট্রান্সমিশনের মাধ্যমে। ইন্ডিয়ান ব্রডকাস্টিং কোম্পানি, IBC ১৯২৭ সালের ২৩শে জুলাই প্রতিষ্ঠিত হয়।

এই দিনটিই এখন জাতীয় সম্প্রচার দিবস হিসেবে পালিত হয়।

১৯৩৬ সালে অল ইন্ডিয়া রেডিও গঠিত হয়। ১৯৫৬ সালে "আকাশবাণী" নামটি গৃহীত হয়।

***************************

**NDA on Budget :**

এনডিএ নেতৃবৃন্দ কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করেছেন। টিডিপি নেতা এবং কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী কিঞ্জরাপু রাম মোহন নাইডু কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করে বলেছেন যে অন্ধ্রপ্রদেশ এবং পোলাভারম প্রকল্পের উন্নয়নের জন্য উল্লেখযোগ্য বিধান ঘোষণা করা হয়েছে।

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বাজেটকে চমৎকার বলে অভিহিত করে  বলেছেন যে বাজেট আগামী বছরগুলিতে ভারতের উন্নয়নের গতিপথকে চালিত করবে।

কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু কেন্দ্রীয় বাজেটকে সকল নাগরিকের স্বপ্নের বাজেট বলে অভিহিত করেছেন। তিনি বলেন উত্তর পূর্বাঞ্চলে ব্যাঙ্কিং পরিষেবা বৃদ্ধির ঘোষণা উত্তর-পূর্বের রাজ্যগুলির আর্থিক অন্তর্ভুক্তিতে সাহায্য করবে।

প্রবীণ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করে বলেছেন যে দেশে কর্মসংস্থানের সুযোগ বাড়ানোর জন্য গুরুত্বপূর্ণ ঘোষণা করা হয়েছে।

বিজেপি নেতা রবি কিষাণ বলেছেন, বিহারের বাজেটে বিশেষ করে বন্যা সংক্রান্ত যে বিধানগুলি করা হয়েছে তা গোরখপুরকেও উপকৃত করবে।

বাজেটকে স্বাগত জানিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী ও জেডিইউ নেতা রাজীব রঞ্জন সিং।

*********************************

**Rail Minister on Budget :**

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব প্রস্তাবিত বাজেটে রেলের জন্য বরাদ্দকে ঐতিহাসিক বলে অভিহিত করেছেন। বৈষ্ণব বলেছেন যে রেলের জন্য বাজেটে এখন পর্যন্ত সর্বোচ্চ ২ লক্ষ ৬২ হাজার ২০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

তিনি বলেন যে মোট বাজেট বরাদ্দের মধ্যে, শুধুমাত্র সুরক্ষা-সম্পর্কিত ক্রিয়াকলাপের জন্য ১ লক্ষ ৮ হাজার কোটি টাকারও বেশি বরাদ্দ করা হয়েছে। তিনি জানান, ২০১৪ সালের আগে রেলের জন্য মোট বাজেট বরাদ্দ ছিল মাত্র ৩৫ হাজার কোটি টাকা।

***************************

**Opposition on Budget :**

কংগ্রেস বাজেটের সমালোচনা করে বলেছে যে এটি একটি অপ্রীতিকর বাজেট। সাংসদ শশী থারুর বলেছেন যে বাজেটে MGNREGA-র কোনও উল্লেখ নেই। তবে শ্রী থারুর বাজেটে Angel Tax বিলোপকে স্বাগত জানিয়েছেন।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবও কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করে বলেছেন যে এটি মুদ্রাস্ফীতি এবং বেকারত্বের সমস্যাগুলি সমাধান করতে ব্যর্থ হয়েছে। তিনি অভিযোগ করেন, বাজেটে কৃষকদের জন্য সুনির্দিষ্ট কিছু নেই।

শিবসেনা (ইউবিটি) নেতা প্রিয়াঙ্কা চতুর্বেদী বলেছেন যে এতে মহারাষ্ট্রের জন্য নির্দিষ্ট কিছু নেই। তিনি আরও বলেছিলেন যে বাজেটে কৃষকদের জন্য খুব বেশি কিছুই নেই এবং ন্যূনতম সহায়ক মূল্য এবং ঋণ সহ কৃষকদের সমস্যাগুলিরও সমাধান

করা হয়নি। ডিএমকে নেতা টিআর বালু এবং টিএমসির কল্যাণ ব্যানার্জিও বাজেটের সমালোচনা করেছেন।

***************************

**BJP Press Meet-Budget :**

প্রস্তাবিত ২০২৪-২৫ অর্থবছরের বাজেটকে উন্নত ও আত্মনির্ভর ভারতের প্রতিফলন বলে জানালো ত্রিপুরা প্রদেশ বিজেপি। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন দলের মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য। তিনি বলেন এই বারের বাজেটে গ্রাম, দরিদ্র ও কৃষকদের উন্নতির জন্য সরকারের আদর্শগুলি প্রতিফলিত হয়েছে। শ্রী ভট্টাচার্য প্রদেশ বিজেপির পক্ষ থেকে জনকল্যাণমুখী বাজেট পেশ করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ সহ মন্ত্রীসভার সদস্যদের অভিনন্দন জানান।

******************************

**Nipun Tripura :**

বুনিয়াদি শিক্ষা দপ্তরের নিপুণ ত্রিপুরা শাখার উদ্যোগে আজ থেকে সারা রাজ্যে একযোগে শুরু হয়েছে এন্ডলাইন অ্যাসেসমেন্ট সার্ভে। তা চলবে আগামী ২৬শে জুলাই পর্যন্ত। এই সার্ভের মাধ্যমে তৃতীয় শ্রেণীতে পাঠরত সমস্ত ছাত্র-ছাত্রীদের ভাষাগত এবং গাণিতিক বিষয়ে মূল্যায়ন করা হবে। আজ শিক্ষা দপ্তরের প্রায় চারশ আধিকারিক বিভিন্ন বিদ্যালয়ে মূল্যায়নের কাজ পর্যবেক্ষণ করেন।

***************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ হাঁপানিয়ার ত্রিপুরা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনে যান। পরিদর্শন শেষে তিনি জানান উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে আসামের পরেই মেডিক্যাল হাব হিসাবে রয়েছে ত্রিপুরার নাম। বহিঃরাজ্যের অনেকেই ত্রিপুরায় এসে চিকিৎসা সংক্রান্ত পরিষেবা গ্রহন করছেন। বিশেষ করে সরকারী নিয়মনীতি মেনেই বেসরকারী এই চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান পরিষেবা দিয়ে চলেছে। এই চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের কাজকর্ম খতিয়ে দেখতেই তাঁর এই পরিদর্শন বলে জানান তিনি। এই চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের কাজকর্মে সন্তোষ ব্যক্ত করেন রাজ্যপাল।

****************************

**Arshia is back :**

শ্রীলঙ্কায় ওয়েস্টার্ন এশিয়ান দাবা প্রতিযোগিতায় জোড়া পদক জয় করে আজ রাজ্যে ফিরে এসেছে সোনার মেয়ে আন্তর্জাতিক দাবাড়ু আর্শিয়া দাস। আগরতলা বিমানবন্দরে পৌঁছলে রাজ্য দাবা সংস্থার প্রতিনিধি সহ অর্শিয়ার স্কুল হলিক্রসের শিক্ষিকা ও পড়ুয়ারা পুষ্পস্তবক দিয়ে তাকে অভ্যর্থনা জানান। শ্রীলঙ্কায় ওয়েস্টার্ন এশিয়ান ইয়ুথ দাবা প্রতিযোগিতায় ব্লিটজ বিভাগে রৌপ্য ও ক্লাসিক্যাল বিভাগে দলগত স্বর্ণপদক লাভ করে আর্শিয়া।

******************************